দৈনিক ইত্তেফাক

DEC. 08 2001

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৬ কলাম ১......

# ছাত্র রাজনীতি বন্ধের ষড়যন্ত্রের প্রতিবাদে সমাবেশ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ ফিলিস্তিনে গণহত্যা এবং ছাত্র রাজনীতি বন্ধে সরকারী ষড়যন্ত্রের প্রতিবাদে ছাত্র ইউনিয়ন গত বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বিক্ষোভ সমাবেশ করেছে। মধুর ক্যান্টিনের সমুখে সমাবেশে হাসান তারিক চৌধুরী সোহেল, শরীফুজ্জামান শরিফ, মাহমুদ হোসেন খোকন, সাজেদুল হক রুবেল প্রমুখ বক্তব্য রাখেন।

ছাত্রমৈত্রীর সমাবেশ

ছাত্রমৈত্রীর ২১তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে গত বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে মিছিল-সমাবেশ অনুষ্ঠিত হয়। অপরাজেয় বাংলার পাদদেশে অনুষ্ঠিত সমাবেশে সংগঠনের সভাপতি দীপংকর সাহা দীপুর সভাপতিত্বে আব্বাছ আলী খান কলিন্স, আব্দুল আহাদ মিনার, ফারুক হোসেন প্রমুখ বক্তব্য রাখেন। সমাবেশে নেতৃবৃন্দ বলেন, যাদের সমস্ত রাজনীতিই হচ্ছে সন্ত্রাস নির্ভর সেখানে সন্ত্রাসের অভিযোগে শুধু ছাত্র রাজনীতি বন্ধ করে দিলেই জাতি সন্ত্রাসমুক্ত হতে পারে না। বিপ্লবী ছাত্রমৈত্রীও ক্যাম্পাসে মিছিল-সমাবেশ করেছে। (১৪শ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## ছাত্র রাজনীতি বন্ধের

(৩য় পৃঃ পর)

ডাকসু ভবনের সামনে সমাবেশে শাহজাহান কবির রিন্টু, হাসান ইমাম রুবেল, আমিরুল নুজহাত মনিষা, শেখ ফারুক আহমেদ প্রমুখ বক্তব্য রাখেন।

ছাত্র ফেডারেশনের নিন্দা

ছাত্র রাজনীতি সম্পর্কে জাতীয় সংসদে প্রধানমন্ত্রী খালেদা জিয়ার বক্তব্যের তীব্র নিন্দা ও ক্ষোভ প্রকাশ করেছে ছাত্র ফেডারেশন। ছাত্র ফেডারেশন গত বৃহস্পতিবার ছাত্র রাজনীতি বন্ধের চক্রান্তের প্রতিবাদে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে। ফেডারেশন বৃহস্পতিবার এক বিবৃতিতে জানিয়েছে, ক্যাম্পাসে সন্ত্রাস এবং দখল দারিত্ব করছে জাতীয়তাবাদী ছাত্রদল, ছাত্রলীগ ও ছাত্র শিবির। সরকার ও বিশ্ববিদ্যালয় প্রশাসন এদের মদদ দিচ্ছে। প্রশাসন দীর্ঘদিন যাবৎ ডাকসুসহ প্রায় সকল শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র সংসদ বন্ধ রেখেছে। এতে ছাত্র সমাজের মত প্রকাশের স্বাধীনতা হরণ করা হচ্ছে।